# Vietnam's textile sector sees record export momentum

ANN/VIETNAM NEWS

Vietnam's textile and garment industry is charging into the final months of 2025 with robust momentum, aiming to meet an ambitious export target of US$47–48 billion, buoyed by strong order flows and growing global reach.

Since the start of the year, the industry has received encouraging signals. Export turnover in the first seven months of 2025 reached more than $26.33 billion, up $5.3 billion, or 9 percent, compared with the same period in 2024. Many enterprises have already secured orders through the end of the year, sustaining growth through to the year's close.

To reach the annual target, exports must average over $4 billion per month for the remainder of the year. While this presents a challenge, industry experts believe the goal is achievable given the current growth trajectory.

According to the Vietnam Textile and Apparel Association (VITAS), the industry has expanded its export reach to 132 countries and territories this year, up from 104 in 2024. Notably, Vietnam is now exporting high-quality



garment products to China, as well as strengthening its market presence in Russia, the Commonwealth of Independent States (CIS), and Asean nations.

In addition, Vietnamese enterprises are pursuing overseas investment projects in Mexico and Myanmar, with further expansion planned in India and Egypt. This broader footprint demonstrates Việt Nam's strengthened position on the global textile and garment map.

Chairman of VITAS Vũ Đức Giang said that with growth exceeding 10 percent, the sector had a solid foundation to meet its ambitious targets.

However, he stressed that continued success depended on enterprises making effective use of 17 new-generation free trade agreements (FTAs), while adapting to shifting trade dynamics and differing economic policies across major markets.

Simultaneously, the industry needed adaptive solutions to cope with evolving global conditions and regulatory frameworks, as some major economies remained divided over trade and economic policies.

Each enterprise must reinforce its supply chain linkages. Drawing lessons from tariff disputes and Europe's stringent green-product standards, businesses were encouraged to proactively develop more sustainable and resilient value chains, Giang said.

Chairman of the Vietnam National Textile and Garment Group (Vinatex) Lê Tiến Trường emphasised the importance of wisely adjusting production plans in the coming months to safeguard jobs and ensure stable incomes for workers.

He also said that enterprises must adopt flexible financial management strategies to stay competitive, absorb rising input costs and adapt pricing mechanisms to retain orders in an increasingly challenging global market.

To meet increasingly strict requirements in demanding markets, many garment enterprises are accelerating their transition towards green production and sustainable development.

Companies are investing in modern machinery, upgrading workers' skills, and shifting from traditional cut-make-trim (CMT) models to higher-value methods such as FOB (free on board), ODM (original design manufacturing), and OBM (original brand manufacturing).

The Business Standard

27 AUG 2025

The Business Standard
27 AUG 2025

# Steps to be taken to clear export proceeds by crisis-hit banks: Governor

BANKING – BANGLADESH

TBS REPORT

## Govt to also take measures to resolve the issue 'permanently and conclusively'

Bangladesh Bank Governor Ahsan H Mansur has assured garment manufacturers and exporters that crisis-hit banks will be instructed to clear outstanding payments from export proceeds to exporters.

The move aims to provide immediate financial relief while a permanent solution is being formulated, he said. "Temporarily, steps will be taken so that banks pay their customers from the export proceeds, ensuring exporters can meet urgent financial needs."

The governor made the remarks during a meeting with leaders of the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) yesterday, according to a press release issued by the trade body.

"Later, necessary measures will be adopted to resolve the issue permanently and conclusively," the governor added.

Currently, several troubled banks are now unable to settle back-to-back LC payments and exporters' payments, even after export proceeds have been received, leaving exporters unable to pay wages and other expenses, and fuelling fears of looming labour unrest.

BGMEA President Mahmud Hasan Khan Babu told TBS earlier that more than 200 garment exporters are suffering due to the crisis.

### BGMEA urges immediate solution

At the meeting, the BGMEA president told the governor that severe liquidity shortages at five banks have led to significant disruptions. Even when export proceeds are received, the payments to exporters are delayed, and the banks are unable to open new LCs, he said.

"This has pushed many garment factories into heavy financial losses, preventing them from carrying out regular operations and export activities. Factories are struggling to pay wages and allowances on time, fuelling growing worker unrest that could turn into a law-and-order problem," Mahmud said, calling for swift and effective steps from the government.

He further warned that the situation is tarnishing Bangladesh's image abroad and eroding buyers' confidence in the country's garment sector, posing serious risks for the industry.

At the meeting, BGMEA leaders expressed deep concern, cautioning that unless swift action is taken, many enterprises may soon become sick industries, leading to large-scale job losses and jeopardising the country's main export sector.

The Business Standard

27 AUG 2025

# Steep US tariffs set to hit Indian exports from today

TRADE - INDIA

REUTERS

## Indian rupee, equity benchmarks fall ahead of imminent tariffs

Indian exporters are bracing for a sharp decline in US orders after trade talks collapsed and Washington confirmed steep new tariffs on the South Asian nation's goods take effect from Wednesday, escalating tension between the strategic partners.

An additional 25% duty announced by President Donald Trump, confirmed in a notice by the Homeland Security Department, takes total tariffs to as much as 50%, among Washington's highest, in retaliation for New Delhi's increased buying of Russian oil.

"The government has no hope for any immediate relief or delay in US tariffs," said a commerce ministry official, who sought anonymity for lack of authorisation to speak to media.

Exporters hit by tariffs would receive financial assistance and be encouraged to diversify to alternative markets such as China, Latin America and the Middle East, the official added.

However, the commerce ministry did not immediately respond to an email seeking comment on the latest notice.

The new duties will apply from 12:01am EDT on Wednesday (9:31am IST), it showed. Exceptions are shipments in transit, humanitarian aid, and items under reciprocal trade programmes.

The Indian rupee fell to a three-week closing low of 87.68 against the dollar, despite recovering some ground after suspected central bank intervention to support it.

The benchmark equity indexes Nifty 50 Index and S&P BSE SENSEX Index closed down 1% each, for their worst sessions in three months.

Wednesday's tariff move follows five rounds of failed talks, during which Indian officials had signalled optimism that tariffs could be capped at 15%.

Officials on both sides blamed political misjudgment and missed signals for the breakdown in talks between the world's I SEE PAGE 14 COL 1

biggest and fifth-largest economies, whose two-way trade is worth more than $190 billion.

White House trade adviser Peter Navarro and US Treasury Secretary Scott Bessent have accused India of indirectly funding Russia's war against Ukraine by boosting Russian oil purchases.

This month Bessent said India was profiteering from its sharply increased imports, making up 42% of total oil purchases, versus less than 1% before the war, in a shift Washington has called unacceptable.

India has issued no directive yet on oil purchases from Russia. Companies will continue to buy oil on the basis of economics, three refining sources said.

### Exporters seek aid

Exporter groups estimate hikes could affect nearly 55% of India's merchandise exports worth $87 billion to the United States, while benefiting competitors such as Bangladesh, China and Vietnam.

"The US customers have already stopped new orders," said Pankaj Chadha, president of the Engineering Exports Promotion Council. "With these additional tariffs, the exports could come down by 20% to 30% from September onward." The government has promised financial aid such as greater subsidies on bank loans and support for diversification in the event of financial losses, Chadha added.

"However, exporters see limited scope for diversifying to other markets or selling in the domestic market."

The commerce ministry official said the government had identified nearly 50 countries to which India could boost exports, particularly items such as textiles, food processed items, leather goods and marine products.

India's diamond industry exports have already hit a two-decade low on weak Chinese demand, and the higher tariffs now threaten to cut it off from its largest market, taking nearly a third of $28.5-billion annual shipments of gems and jewellery.

### Broader economic impact

Private sector analysts warn that a sustained 50% tariff could weigh on India's economy and corporate profits, prompting the steepest earnings downgrades in Asia, even if proposed domestic tax cuts partly cushion the blow.

Last week, Capital Economics said full US tariffs would chip 0.8 percentage points from India's economic growth both this year and the next.

27 AUG 2025

The Business Standard

# Apparel sub-contractors now to get a pie of export incentives

## A BOON FOR RMG SUB-CONTRACTORS AMID TRADE WINDFALL

Higher US tariffs on China, India shift orders towards Bangladesh

Incentive to boost RMG capacity to meet rising demand

### THE INCENTIVE

- Sub-contractors to get **0.3%** special cash support
- Currently, only own-factory exporters qualify for incentives
  - Some exporters hide sub-contracting to claim benefits
- Proposal awaiting final approval from finance adviser

TBS Insights by IPDC FINANCE



### HOW IT WORKS

- Incentive won't go directly to sub-contractors
- Exporting firms receive the cash benefit
- Exporters expected to share gains with sub-contractors
- Exporters can also use incentive to negotiate higher prices with buyers
- In FY23, RMG incentives totaled Tk5,696cr

### INDUSTRY IMPACT

- Sub-contractors currently contribute ~10% of RMG exports
- Share expected to rise with new US orders
- Policy shift may prevent closure of small units, boost sector growth

### BGMEA'S DEMANDS

- Raise special cash support **0.3% → 1%**
- Raise alternative cash support **1.5% → 2%**
- Raise SME support **3% → 4%**

RMG – BANGLADESH

**ABUL KASHEM**

The government has decided to extend special cash incentives to RMG exporters who will subcontract factories for ready-made garment (RMG) production, a benefit currently available only to exporters operating their own factories, according to finance ministry officials.

The move will allow subcontracted factories to receive a share of this 0.3% incentive through exporters, which is expected to strengthen the RMG sector – the backbone of Bangladesh's economy – by boosting its capacity to handle increased export orders due to lower US tariffs compared to competitors like China and India.

After negotiations, Bangladesh secured a reduction of US retaliatory tariffs on its goods to 20%, while India faces 50% and China 30%. Industry insiders expect this preferential treatment to drive a surge in US apparel orders for Bangladesh.

To capitalise on the opportunity, the finance ministry decided to incentivise exporters for engaging more subcontractors, following an application from Ha-Meem Group, one of the country's largest RMG exporters, and consultations with the commerce ministry, BGMEA, BKMEA, and FBCCI.

> *Because sub-contractors don't export directly, have no bills of entry, they miss out on direct incentives. Extending the scheme to them would be a positive step.*
>
> **MAHBUBUR RAHMAN**
> COMMERCE SECRETARY

The decision is final, but a summary of the proposal is still awaiting the finance adviser's approval, officials said.

Although subcontractors will not receive the incentive directly from the government, with exporters getting the cash benefit, they are expected to gain indirectly, business leaders said.

"Exporters can also use it [the incentive given to subcontractors] as leverage to negotiate slightly higher prices with international buyers, justifying the extra costs for subcontractors," said FBCCI administrator Md Hafizur Rahman.

Currently, subcontracted factories account for roughly

The Business Standard

27 AUG 2025

CONTINUED FROM PAGE 1

10% of Bangladesh's RMG exports, according to BGMEA. Analysts expect this share to grow further with the new government's move.

Commerce Secretary Mahbubur Rahman told TBS, "Because subcontractors don't export directly and have no bills of entry, they miss out on direct incentives. Extending the scheme to them would be a positive step."

"Even if the commerce ministry is asked to prepare a module to allow subcontractors to receive incentives directly, we will try to do it," he said.

**RMG leaders welcome the initiative**

Industry insiders have welcomed the government's move to extend cash incentives to subcontracted RMG factories, saying it will help smaller firms survive and contribute to boosting the country's garment exports.

Under existing rules, only exporters who have their own factory qualify for the special cash incentives, while production in other factories or through subcontracting does not.

This policy has discouraged direct exporters from subcontracting, forcing many small garment units to shut down. Some exporters engaged in subcontracting have concealed the practice by declaring output as their own to claim benefits.

FBCCI administrator Md Hafizur Rahman said, "Although the incentive will go to exporters first, subcontracting companies will benefit indirectly. Exporters can pass part of the incentive to workers' wages or other benefits, helping small factories gradually strengthen and create additional employment."

BGMEA President Mahmud Hasan Babu told TBS that he was not aware of the details, as the ministry might have discussed the matter with the organisation before he became president.

BKMEA President Mohammad Hatem said the Finance Ministry consulted BKMEA before rolling out the incentives for subcontracting companies.

"Under the scheme, the party opening the back-to-back LC will receive the incentive, but subcontractors will get a share of t[l] indirectly," he said.

He explained that ma[ny] houses collect orders fr[om] and export garments th[rough] contractors. Some trade[rs] [with] their own factories also [outsource] production to small units but they will not be eligi[ble] incentive.

As the government pl[ans to ex]tend incentives to sub[contracting] firms while gradually pha[sing] overall rates ahead of LI[DC gradua]tion, the Bangladesh Gar[ment Man]ufacturers and Exporter[s Associa]tion (BGMEA) has urged t[he] Ministry to increase the r[ate] current fiscal year.

In FY23, the RMG sect[or] Tk5,696 crore in incentive

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Business Standard

27 AUG 2025

contracting companies
t indirectly. Exporters
art of the incentive to
ages or other benefits,
all factories gradually
and create additional
t."

resident Mahmud Hasan
3S that he was not aware
s, as the ministry might
sed the matter with the
before he became pres-

President Mohammad
the Finance Ministry
KMEA before rolling out
ves for subcontracting

he scheme, the party
back-to-back LC will re-
entive, but subcontrac-
tors will get a share of the benefits indirectly," he said.

He explained that many buying houses collect orders from abroad and export garments through subcontractors. Some traders without their own factories also outsource production to small units for export, but they will not be eligible for the incentive.

As the government plans to extend incentives to subcontracting firms while gradually phasing down overall rates ahead of LDC graduation, the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) has urged the Finance Ministry to increase the rate for the current fiscal year.

In FY23, the RMG sector received Tk5,696 crore in incentives.

**BGMEA demands higher incentives**

In a letter to the finance ministry on 11 August, the BGMEA sought an increase in various export incentive rates for the RMG sector.

The association requested raising the special cash support rate from 0.30% to 1%, the alternative cash support rate (replacing duty bond and duty drawback) from 1.5% to 2%, and the SME incentive rate from 3% to 4%.

BGMEA cited current geopolitical tensions, the Russia-Ukraine war, and US reciprocal tariffs as factors worsening the sector's crisis. Over the past year, production and supply chains were disrupted by banking instability, labour unrest, and security issues. Despite this, international garment prices fell, discouraging investment in the textile and apparel industry.

The association noted that in the first 10 months of FY25, imports of capital machinery for the textile sector fell 24.38%. Additionally, India's cancellation of transhipment facilities and restrictions on garment exports via all land ports have raised serious concerns.

RMG accounts for around 84-85% of Bangladesh's total exports.

According to BGMEA, the sector began in 1978 with just $10,000 in exports. Bangladesh Bank data shows exports reached nearly $37 billion in FY24, while EPB data indicates $40.20 billion in exports during July–April of FY25, reflecting 9.83% year-on-year growth.

বাণিজ্য তথ্য কেন্দ্র
..............
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো

27 AUG 2025

# ভোলায় চীনের বিনিয়োগে হবে নতুন অর্থনৈতিক অঞ্চল

## বেজার প্রাথমিক অনুমোদন

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*

দেশের দক্ষিণাঞ্চলের জেলা ভোলায় প্রায় ১০০ কোটি মার্কিন ডলার বিনিয়োগে হতে যাচ্ছে নতুন একটি বেসরকারি অর্থনৈতিক অঞ্চল। চীনা বিনিয়োগে নির্মিত এ-অঞ্চলে মৎস্য ও মাংস প্রক্রিয়াজাতকরণ, দুগ্ধজাত পণ্য উৎপাদন এবং কৃষি-শিল্পভিত্তিক নানা কারখানা স্থাপিত হবে। নতুন এই অর্থনৈতিক অঞ্চল পরিপূর্ণভাবে চালু হলে তাতে কর্মসংস্থান হবে প্রায় এক লাখ লোকের।

'ভোলা ইকো-ডেভেলপমেন্ট ইকোনমিক জোন' নামের এই অর্থনৈতিক অঞ্চল নির্মাণ করবে চীনা ডেভেলপার প্রতিষ্ঠান লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রিজ। বেসরকারি এই অর্থনৈতিক অঞ্চল স্থাপনে ইতিমধ্যে প্রাথমিক অনুমোদন বা প্রি-কোয়ালিফিকেশন লাইসেন্স দিয়েছে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)। গতকাল মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে সংস্থাটি।

বেজা জানিয়েছে, ভোলা সদর উপজেলায় প্রাথমিকভাবে প্রায় ১০২ দশমিক ৪৬ একর জমিতে এ অর্থনৈতিক অঞ্চল গড়ে উঠবে। পরবর্তী সময়ে তা বাড়িয়ে ১৫৮ একর করা হতে পারে। পরিকল্পনা অনুযায়ী সেখানে বিভিন্ন খাতের প্রায় ৪০টি শিল্পপ্রতিষ্ঠান স্থাপিত হবে।

প্রাথমিক অনুমোদন পাওয়ার পর এখন বেশ কিছু শর্ত পূরণ সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন পেতে হবে ভোলা ইকো-ডেভেলপমেন্ট ইকোনমিক জোনকে। এরপর সেখানে বিনিয়োগকারীরা শিল্পকারখানা স্থাপন করতে পারবেন। এ পর্যন্ত মোট ১৩টি বেসরকারি অর্থনৈতিক অঞ্চলকে চূড়ান্ত অনুমোদন দিয়েছে বেজা।

ভোলা জেলায় এই অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে দেশের দক্ষিণাঞ্চলে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন হবে বলে মনে করছে বেজা। সংস্থাটি জানায়, নতুন এ অঞ্চলকে একটি পরিবেশবান্ধব, শ্রমঘন ও কৃষিভিত্তিক শিল্প এলাকা হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি এখানে তৈরি পণ্য রপ্তানি করা হবে। বিনিয়োগকারী প্রতিষ্ঠান লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রিজ ইতিমধ্যে পোশাক-বস্ত্রসহ বাংলাদেশে বেশ কিছু খাতে বিনিয়োগ করেছে।

এ বিষয়ে বেজার নির্বাহী সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) মেজর জেনারেল (অব.) মো. নজরুল ইসলাম বলেন, ভোলা ইকো-ডেভেলপমেন্ট ইকোনমিক জোন বরিশাল বিভাগের প্রথম অর্থনৈতিক অঞ্চল হিসেবে প্রতিষ্ঠিত হতে যাচ্ছে। অঞ্চলটি মৎস্য ও কৃষিজ সম্পদভিত্তিক শিল্প বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো

27 AUG 2025

# ৭-৮ বিলিয়ন ডলারের পণ্য রপ্তানির সম্ভাবনা

## মালয়েশিয়ার হালাল বাজার

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

মালয়েশিয়ায় প্রতিবছর বিশ্বের বিভিন্ন দেশ থেকে ১৫ বিলিয়ন বা ১ হাজার ৫০০ কোটি ডলারের হালাল খাদ্য আমদানি হয়। ২০৩০ সালে এই বাজার ৫০ বিলিয়ন বা ৫ হাজার কোটি ডলার ছাড়িয়ে যাবে। যথাযথ পদক্ষেপ নিলে এই বাজারে বাংলাদেশ বছরে ৭-৮ বিলিয়ন বা ৭০০-৮০০ কোটি ডলারের হালাল পণ্য রপ্তানির সম্ভাবনা রয়েছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (বিএমসিসিআই) সভাপতি সাব্বির আহমেদ খান।

সাব্বির আহমেদ খান আরও বলেন, '২০২৫ সাল শেষে মালয়েশিয়ার সেমিকন্ডাক্টর শিল্পের বাজারের আকার ১৯ দশমিক ৪১ বিলিয়ন ডলার হবে। তবে দেশটি দক্ষ জনশক্তির সংকটে ভুগছে। এই সময়ের মধ্যে ৬০ হাজার দক্ষ জনশক্তি প্রয়োজন হবে। স্থানীয়ভাবে দেশটি ১৫ হাজার দক্ষ জনশক্তি সংগ্রহ করবে। বাকি ৪৫ হাজার জনশক্তি ভিয়েতনাম, তাইওয়ান, কোরিয়াসহ বিভিন্ন দেশ থেকে সংগ্রহ করা হবে। মালয়েশিয়ায় চুক্তির মাধ্যমে আমাদের অন্তত ২ হাজার ৫০০ জনশক্তি রপ্তানি করার সম্ভাবনা আছে।'

রাজধানীর শেরাটন হোটেলে গতকাল মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে এ কথাগুলো তুলে ধরেন বিএমসিসিআইয়ে সভাপতি সাব্বির আহমেদ খান। চলতি মাসে অনুষ্ঠিত মালয়েশিয়ার কুয়ালালামপুরে আয়োজিত মালয়েশিয়ার বিনিয়োগ সম্মেলনে অংশগ্রহণ উপলক্ষে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন বিএমসিসিআইয়ের জ্যেষ্ঠ সহসভাপতি আনোয়ার শহীদ, সাধারণ সম্পাদক মোতাহের হোসেন খান এবং প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্টের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) সৈয়দ এম ওমর তৈয়ব।

সংবাদ সম্মেলনে বলা হয়, বিএমসিসিআই বিনিয়োগ সম্মেলনে তিনটি সমঝোতা স্মারক (এমওইউ) সই করেছে। এর মধ্যে রয়েছে মালয়েশিয়ার জাতীয় অ্যাপ্লাইড রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টারের (এমআইএমওএস) সঙ্গে সেমিকন্ডাক্টর প্রযুক্তি, উদ্ভাবন ও দক্ষতা উন্নয়ন সহযোগিতা; অ্যাডভান্সড সেমিকন্ডাক্টর একাডেমির (এসইএম) সঙ্গে প্রশিক্ষকদের প্রশিক্ষণ (টিটিটি) কর্মসূচি ও কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম এবং প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট (পিবিআইএল) ও আন্তর্জাতিক শরিয়া পরামর্শদাতা প্রতিষ্ঠান আমানি অ্যাডভাইজারের মধ্যে ইসলামি বিনিয়োগ খাত ও সুকুক কাঠামো উন্নয়ন।

সাব্বির আহমেদ খান বলেন, বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে এখনো বাণিজ্যঘাটতি রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে মালয়েশিয়া থেকে আমদানি হয়েছে প্রায় ২ দশমিক ৬ বিলিয়ন ডলারের পণ্য। এর বিপরীতে বাংলাদেশ থেকে রপ্তানি হয়েছে ২৯ কোটি ডলারের পণ্য। তিনি আরও বলেন, মালয়েশিয়া তাদের সেমিকন্ডাক্টর শিল্পে এখনো চিপ ডিজাইন, আর্কিটেকচার এবং প্রোটোটাইপিংয়ের মতো সেবার জন্য তাইওয়ান, দক্ষিণ কোরিয়া ও যুক্তরাষ্ট্রের ওপর নির্ভরশীল। তবে বাংলাদেশেরও এই খাতে যথেষ্ট সক্ষমতা রয়েছে। মালয়েশিয়ার সেমিকন্ডাক্টর খাতে অবদান রাখতে পারলে ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ সেমিকন্ডাক্টর সেবা রপ্তানি ৫ বিলিয়ন ডলার করা সম্ভব।

বিএমসিসিআইয়ের জ্যেষ্ঠ সহসভাপতি আনোয়ার শহীদ বলেন, 'মালয়েশিয়ায় শুধু হালাল খাবার নয়, হালাল হোটেল ও পর্যটনেও আমাদের বড় সুযোগ রয়েছে।'

প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্টের এমডি সৈয়দ এম ওমর তৈয়ব বলেন, 'মালয়েশিয়ার সুকুকের বাজার ২০০ বিলিয়ন ডলার। আমাদের দেশেও মোট আমানতের ২৫ শতাংশ শরিয়াভিত্তিক ব্যাংকগুলোতে রয়েছে।'

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো
27 AUG 2025

# দেশে পরিবেশবান্ধব পোশাক কারখানা বেড়ে ২৬৩টি

## আরও দুটি পেল সনদ

বাংলাদেশের যে ২৬৩ কারখানা এখন পর্যন্ত পরিবেশবান্ধব কারখানার স্বীকৃতি পেয়েছে, এর মধ্যে ১১১টি কারখানা প্লাটিনাম ও ১৩৩টি গোল্ড সনদ রয়েছে।

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*

নতুন করে আরও দুটি তৈরি পোশাক কারখানা পরিবেশবান্ধব সনদ পেয়েছে। এতে দেশে পরিবেশবান্ধব কারখানার সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৬৩। পরিবেশবান্ধব সনদ পাওয়া নতুন কারখানাগুলো হলো ঢাকার টঙ্গী শিল্প এলাকার এ জি ড্রেসেস লিমিটেড ও গাজীপুরের বোর্ডবাজারের ফিন বাংলা অ্যাপারেলস লিমিটেড। নতুন সনদ পাওয়া দুটি কারখানাই লিড প্লাটিনাম পেয়েছে। এর মধ্যে এ জি ড্রেসের প্রাপ্ত নম্বর ১০৬ আর ফিন বাংলা অ্যাপারেলসের নম্বর ১০৪।

যুক্তরাষ্ট্রের ইউএস গ্রিন বিল্ডিং কাউন্সিল (ইউএসজিবিসি) থেকে এ পরিবেশবান্ধব সনদ পেয়েছে পাঁচটি কারখানা। এ সনদ পাওয়ার জন্য কিছু শর্ত পরিপালন করতে হয়। সময়ের সঙ্গে সঙ্গে এ শর্তের কিছু পরিবর্তনও হয়। পাশাপাশি সনদের আলাদা সংস্করণও থাকে। মোট ১১০ নম্বরের মধ্যে কোনো কারখানা ৮০-এর বেশি পেলে 'লিড প্লাটিনাম', ৬০-৭৯ পেলে 'লিড গোল্ড', ৫০-৫৯ নম্বর পেলে 'লিড সিলভার' ও ৪০-৪৯ নম্বর পেলে 'লিড সার্টিফায়েড' সনদ দেওয়া হয়।

সম্প্রতি আরও তিনটি কারখানা পরিবেশবান্ধব সনদ পায়। সেগুলো হলো হবিগঞ্জের ফয়সাল স্পিনিং মিলস ইউনিট-১, ২ ও ৩। তিনটি কারখানাই লিড সিলভার সনদ পেয়েছে। তাদের প্রাপ্ত নম্বর ৫৮।

বিশ্বের বেশ কিছু প্রতিষ্ঠান পরিবেশবান্ধব স্থাপনার সনদ দিয়ে থাকে। সেগুলোর মধ্যে অন্যতম হলো যুক্তরাষ্ট্রের ইউএস গ্রিন বিল্ডিং কাউন্সিল (ইউএসজিবিসি)। ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত ইউএসজিবিসি যে সনদ দেয়, তার নাম 'লিড'। লিডের পূর্ণাঙ্গ রূপ হলো লিডারশিপ ইন এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্টাল ডিজাইন। এ সনদ পেতে প্রতিটি প্রকল্পকে ইউএসজিবিসির তত্ত্বাবধানে স্থাপনা নির্মাণের কাজ থেকে শুরু করে উৎপাদন পর্যন্ত বিভিন্ন পর্যায়ে মান রক্ষা করতে হয়।

### শীর্ষ ১০-এ বাংলাদেশের প্রাধান্য

বিশ্বের শীর্ষ ১০ পরিবেশবান্ধব কারখানার তালিকায় স্থান পেয়েছে ১২টি প্রতিষ্ঠান। কারণ একই নম্বর পেয়ে একাধিক প্রতিষ্ঠান যৌথভাবে এই তালিকায় স্থান পেয়েছে। এর মধ্যে বাংলাদেশের ১১টি। বাংলাদেশের যে ২৬৩ কারখানা এখন পর্যন্ত পরিবেশবান্ধব কারখানার স্বীকৃতি পেয়েছে, এর মধ্যে ১১১টি কারখানা প্লাটিনাম ও ১৩৩টি গোল্ড সনদ রয়েছে, অর্থাৎ বাংলাদেশের কারখানাগুলো সর্বোচ্চ মানের পরিবেশবান্ধব কারখানার শর্ত পূরণ করতে পারছে। বাকি ১৯টি কারখানার মধ্যে সিলভার সনদপ্রাপ্ত কারখানা ১৫টি ও সার্টিফায়েড সনদপ্রাপ্ত কারখানা ৪টি।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো

27 AUG 2025

# সেমিকন্ডাক্টর শিল্পের উন্নয়নে চুক্তি

## দুই সংগঠনের সমঝোতা

**চীনের হুবেই সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশনের (এইচএসআইএ) সঙ্গে চুক্তি করেছে বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ)।**

**অর্থ-বাণিজ্য ডেস্ক**




**চীনের হুবেই সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশনের সহসভাপতি অধ্যাপক ওয়েই লিউ ও বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশনের সভাপতি এম এ জব্বার নিজ নিজ সংগঠনের পক্ষে সম্প্রতি এক সমঝোতা চুক্তিতে সই করেন।** ছবি : বিএসআইয়ের সৌজন্যে

দেশের সেমিকন্ডাক্টর খাতের উন্নয়নে চীনের সঙ্গে কাজ করবে বাংলাদেশ। এ জন্য চীনের হুবেই সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশনের (এইচএসআইএ) সঙ্গে চুক্তি করেছে বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ)। গত রোববার রাজধানী ঢাকায় আয়োজিত এক অনুষ্ঠানে দুই সংগঠনের মধ্যে এই সমঝোতা চুক্তি হয়। বিএসআইএর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এইচএসআইএয়ের সহসভাপতি অধ্যাপক ওয়েই লিউ এবং বিএসআইএর সভাপতি এম এ জব্বার নিজ নিজ সংগঠনের পক্ষে এই সমঝোতা চুক্তিতে সই করেন। এই চুক্তির আওতায় জ্ঞান ও উন্নত প্রযুক্তি বিনিময়, যৌথ গবেষণা ও উন্নয়ন, দক্ষ মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ ও সার্টিফিকেশন কর্মসূচি, দ্বিপক্ষীয় বিনিয়োগ ও ব্যবসায়িক অংশীদারি, যৌথ অনুষ্ঠান আয়োজন, বাণিজ্য প্রতিনিধিদল ও প্রদর্শনী আয়োজনের ক্ষেত্রে দুই সমিতি একসঙ্গে কাজ করবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিএসআইএ সভাপতি এম এ জব্বার এই সহযোগিতা নিয়ে আশাবাদ ব্যক্ত করেন। তিনি-বলেন, 'এই উদ্যোগ আমাদের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এই সমঝোতা স্মারক বাংলাদেশের ও চীনের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক সুদৃঢ় করার পাশাপাশি একাডেমিক বিনিময় এবং প্রযুক্তিগত অগ্রগতির নতুন দ্বার খুলে দিবে।'

চীনের এইচএসআইএর সহসভাপতি ওয়েই লিউ বলেন, 'আমাদের সমিতির অধীন প্রায় ৫০০টি সেমিকন্ডাক্টর সদস্য কোম্পানি রয়েছে। যার মধ্যে কিছু কোম্পানিকে আমরা বাংলাদেশে নিয়ে এসে যৌথ উদ্যোগ, প্রযুক্তি স্থানান্তর ও সক্ষমতা বৃদ্ধির কর্মসূচিতে যুক্ত করতে চাই।'

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিএসআইএ উপদেষ্টা পরিষদের সদস্য ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রোকনুজ্জামান, বুয়েটের অধ্যাপক এ এস এম এ হাছিব, সিনিয়র অ্যাডভাইজার এনায়েতুর রহমান, বিএসআইএর পরিচালক কামরুল আহসান দেওয়ানজি, আলিয়া শাফকাত, আশিকুর রহমান, তাফুরি টেকনোলজিসের প্রধান নির্বাহী কর্মকর্তা শাখাওয়াত হোসেন প্রমুখ।

বণিক বার্তা

27 AUG 2025

# ট্রাম্পের শুল্কনীতিতে ভারত থেকে যুক্তরাষ্ট্রে রফতানি কমবে ৪৩%

## লাভবান হওয়ার সুযোগ প্রতিযোগীদের

বণিক বার্তা ডেস্ক ■

ভারতীয় প্রধান প্রধান রফতানি পণ্যে ডোনাল্ড ট্রাম্প আরোপিত গড়ে ৫০ শতাংশ শুল্ক হার কার্যকর হচ্ছে আজ। কোনো কোনো পণ্যের ক্ষেত্রে এ শুল্কহার বেড়ে ৬০ শতাংশও ছাড়িয়েছে। গবেষণা সংস্থা গ্লোবাল ট্রেড রিসার্চ ইনিশিয়েটিভের (জিটিআরআই) হিসাবে, এ শুল্ক হার ভারত থেকে যুক্তরাষ্ট্রে রফতানি কমাবে ৪৩ শতাংশ। বিষয়টি যুক্তরাষ্ট্রের বাজার ধরার জন্য ভারতের প্রতিযোগী দেশগুলোর জন্য বড় সুযোগ তৈরি করেছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। বিশেষ করে চীনসহ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো প্রতিযোগিতামূলক দাম ও তুলনামূলক কম শুল্ক হারের সুযোগ নেয়ার ক্ষেত্রে এগিয়ে থাকতে পারে বলে মনে করছেন তারা।

মার্কিন হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট থেকে গতকাল জারি করা নোটিসে বলা হয়েছে, ২৭ আগস্ট যুক্তরাষ্ট্রের পূর্বাঞ্চলীয় সময় রাত ১২টা ১ মিনিট থেকে ভারতীয় পণ্যের ওপর শুল্ক কার্যকর হবে।

শুরুতে রেসিপ্রোকাল ট্যারিফ হিসেবে ভারতের ওপর ২৫ শতাংশ হারে শুল্ক আরোপ করেছিলেন ডোনাল্ড ট্রাম্প। পরে রাশিয়া থেকে জ্বালানি তেল কেনার অভিযোগে অতিরিক্ত আরো ২৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দেন তিনি।

জিটিআরআইয়ের পরিসংখ্যান অনুযায়ী, মার্কিন শুল্ক ভারতের ৬ হাজার ২০ কোটি ডলারের রফতানিকে প্রভাবিত করবে। যার মধ্যে রয়েছে টেক্সটাইল, রত্ন ও গয়না, চিংড়ি, কার্পেট ও আসবাবপত্র খাত। শ্রমঘন খাতে ভারতের রফতানি ৭০ শতাংশ পর্যন্ত কমে যেতে পারে। সব মিলিয়ে এ শুল্ক যুক্তরাষ্ট্রগামী রফতানি ৪৩ শতাংশ কমিয়ে দেবে এবং বিপুল কর্মসংস্থান হ্রাস ঘটাবে। এর বিপরীতে বিকল্প সরবরাহকারী হিসেবে এ সুযোগ কাজে লাগাতে পারে চীন, ভিয়েতনাম, মেক্সিকো, তুরস্ক ও বাংলাদেশসহ বিভিন্ন দেশ।

মার্কিন শুল্ক কার্যকর হওয়ার আগেই ভারতের বিভিন্ন খাতে এ-সংক্রান্ত আশঙ্কার ঢেউ ওঠে। কমে যায় ক্রয়াদেশ। মার্কিন শুল্ক ঢেউয়ের বড় অংশটি পড়েছে পোশাক খাতে। ভারত থেকে যুক্তরাষ্ট্রে রফতানিকৃত নিট ও ওভেন ওয়্যারের ক্ষেত্রে শুল্ক হার যথাক্রমে ৬৩ দশমিক ৯ ও ৬০ দশমিক ৩ শতাংশ। এছাড়া টেক্সটাইল খাতে প্রযোজ্য হচ্ছে ৫৯ শতাংশ শুল্ক। ভারতের তৈরি পোশাক রফতানি কেন্দ্রগুলোর অন্যতম তামিলনাড়ুর তিরুপ্পুর। এখানে প্রস্তুত হয় দেশটির ১৬ বিলিয়ন ডলারের তৈরি পোশাক রফতানির এক-তৃতীয়াংশ।

চলতি সপ্তাহে স্থানীয় গার্মেন্টস উদ্যোক্তা শিবা সুব্রামনিয়াম বিবিসিকে বলেন, 'আমরা ভেবেছিলাম, ভারত হয়তো যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো বাণিজ্য চুক্তি করবে। গত মাস থেকে পুরো শিল্পের উৎপাদন ও রফতানি চেইন থমকে গেছে। এভাবে চলতে থাকলে আমি কর্মীদের মজুরি দেব কীভাবে?'

ভারতীয় রফতানিকারকদের যুক্তরাষ্ট্রে পণ্য সরবরাহ বাবদ মোট বার্ষিক আয়ের প্রায় অর্ধেকই আসে বড়দিন মৌসুমের রফতানি থেকে। বর্তমানে এর পরিবর্তে স্থানীয় বাজারে দীপাবলির কেনাকাটার মৌসুমের ওপর নির্ভর করতে হচ্ছে তাদের।




**মার্কিন শুল্ক ভারতের ৬ হাজার ২০ কোটি ডলারের রফতানিকে প্রভাবিত করবে। যার মধ্যে রয়েছে টেক্সটাইল, রত্ন ও গয়না, চিংড়ি, কার্পেট ও আসবাবপত্র খাত। শ্রমঘন খাতে ভারতের রফতানি ৭০ শতাংশ পর্যন্ত কমে যেতে পারে**

প্রতিযোগিতামূলক দামের ক্ষেত্রে পিছিয়ে পড়ার আশঙ্কা জেগেছে ভারতের তৈরি পোশাক খাতে। আগে ভারতে তৈরি শার্ট যুক্তরাষ্ট্রে বিক্রি হতো গড়ে ১০ ডলারে। শুল্কের কারণে যা দাঁড়াবে ১৬ ডলার ৪০ সেন্ট। অন্যদিকে চীনা শার্টের দাম পড়বে ১৪ ডলার ২০ সেন্ট। তবে বাংলাদেশ ও ভিয়েতনাম থেকে যাওয়া শার্টের দাম আরো কম, যথাক্রমে ১৩ ডলার ২০ সেন্ট ও ১২ ডলার।

এ বিষয়ে জিটিআরআইয়ের বিশ্লেষক অজয় শ্রীবাস্তব বলেন, 'এখন বাণিজ্যের দিক পরিবর্তন দেখব আমরা। মার্কিন ক্রেতারা মেক্সিকো, ভিয়েতনাম ও বাংলাদেশের দিকে ঝুঁকবে।'

ভারতের ১০ বিলিয়ন ডলারের রত্ন ও গহনা রফতানি বাণিজ্যের একটি বড় অংশ যায় যুক্তরাষ্ট্রে। সাধারণ সেপ্টেম্বর-অক্টোবরে ৩-৪ বিলিয়ন ডলারের গয়না রফতানি করলেও এবার ভারতীয় ব্র্যান্ডগুলো আতঙ্কিত। মুম্বাইয়ের ক্রিয়েশন জুয়েলারির মালিক আদিল কোতওয়াল বলেন, 'আমি ৯০ শতাংশ হীরাখচিত গয়না যুক্তরাষ্ট্রে বিক্রি করি। আমার মুনাফার হার ৩-৪ শতাংশ। এমনকি অতিরিক্ত ১০ শতাংশ শুল্কও টেকানো কঠিন। কে শুল্ক বহন করবে? এমনকি মার্কিন খুচরা বিক্রেতারাও পারবে না।'

ভারত বিশ্বের অন্যতম বৃহৎ চিংড়ি রফতানিকারক এবং দেশটির প্রধান বাজার যুক্তরাষ্ট্র। শুল্ক আরোপের ফলে চিংড়ির ওপর মোট শুল্ক দাঁড়িয়েছে ৬০ শতাংশে। এ শিল্পের সঙ্গে সরাসরি যুক্ত আনুমানিক পাঁচ লাখ কৃষক এবং আরো ২৫ লাখ মানুষ পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

এদিকে গত সোমবার আহমেদাবাদের এক জনসভায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জানান, অর্থনৈতিক চাপ সত্ত্বেও নিজেদের সক্ষমতা আরো দৃঢ় করবে ভারত। ছোট উদ্যোক্তা, কৃষক ও পশুপালকদের কোনো ক্ষতি হতে দেবে না তার সরকার। মার্কিন শুল্কনীতির প্রতি পরোক্ষ ইঙ্গিত দিয়ে তিনি বলেন, 'বিশ্বের আজ অর্থনৈতিক স্বার্থনির্ভর রাজনীতি চলছে, সবাই নিজেদের সুবিধার কথা ভাবছে। আমরা তা ভালো করেই দেখছি।'

রাজনৈতিক মঞ্চে নরেন্দ্র মোদির আত্মবিশ্বাস সত্ত্বেও বিশ্লেষকরা বলছেন, ৫০ শতাংশ শুল্ক এখন ভারতের জন্য বড় চ্যালেঞ্জ। কারণ রফতানি খাতে যেকোনো বিপর্যয় ভারতের জিডিপি প্রবৃদ্ধিতে প্রভাব ফেলবে। বিগত ২০২৫ অর্থবছরে ভারতের নমিনাল জিডিপির আকার ছিল ৪ হাজার ২৭০ বিলিয়ন ডলার। সাধারণ পরিস্থিতিতে চলতি অর্থবছরে ৬ দশমিক ৫ শতাংশ প্রবৃদ্ধির পূর্বাভাস রয়েছে। কিন্তু যুক্তরাষ্ট্রে রফতানি ৩ হাজার ৬৯০ কোটি ডলার কমে গেলে ভারতীয় অর্থনীতির বেজলাইন ধরতে হবে ৪ হাজার ২৩৩ বিলিয়ন ডলার। এর সঙ্গে ৬ দশমিক ৫ শতাংশ প্রবৃদ্ধি হিসাব করলে জিডিপি দাঁড়াবে ৪ হাজার ৫০৮ দশমিক ২৫ বিলিয়ন ডলারে। সেক্ষেত্রে প্রবৃদ্ধির কার্যকর হার হবে ৫ দশমিক ৬ শতাংশ, যা প্রাক্কলনের তুলনায় দশমিক ৯ শতাংশীয় পয়েন্ট কম।

বণিক বার্তা

27 AUG 2025

## গভর্নরের সঙ্গে বৈঠকে বিজিএমইএ নেতারা

# সংকটাপন্ন ব্যাংকগুলোর কারণে অচলাবস্থার দিকে যাচ্ছে রফতানি

নিজস্ব প্রতিবেদক ■

বাংলাদেশের তৈরি পোশাক শিল্প দেশের সর্ববৃহৎ রফতানি খাত। এ খাত দীর্ঘদিন ধরেই বৈদেশিক মুদ্রা আয়ের প্রধান উৎস হিসেবে কাজ করছে। তবে সাম্প্রতিক সময়ে কয়েকটি ব্যাংকে তারল্য সংকটের কারণে পোশাক শিল্প মালিক ও উদ্যোক্তারা মারাত্মক আর্থিক সমস্যার সম্মুখীন হচ্ছেন। রফতানি আয় সময়মতো না পাওয়া এবং নতুন করে এলসি (লেটার অব ক্রেডিট) খোলার ক্ষেত্রে প্রতিবন্ধকতা তৈরি হওয়ায় পুরো শিল্প খাত অচলাবস্থার দিকে যাচ্ছে। এ পরিস্থিতি মোকাবেলায় গতকাল বাংলাদেশ ব্যাংক ভবনে গভর্নর ড. আহসান এইচ মনসুরের সঙ্গে বৈঠক করেছে পোশাক শিল্প মালিকদের সংগঠন বিজিএমইএর একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল। বৈঠকে নেতৃত্ব দেন সংগঠনের সভাপতি মাহমুদ হাসান খান।

বিজিএমইএর প্রতিনিধি দলে আরো উপস্থিত ছিলেন সহসভাপতি মো. শিহাব উদ্দোজা চৌধুরী, পরিচালক মোহাম্মদ আব্দুর রহিম, পরিচালক ফাহিমা আক্তার, পরিচালক এবিএম সামছুদ্দিন, রিও ডিজাইন লিমিটেড়ের চেয়ারম্যান মো. হারুক আহমেদ, ও'ডেল অ্যাপারেলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শাহ মোহাম্মদ মোহিত, ডে অ্যাপারেলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন পাটওয়ারি এবং একেএইচ ফ্যাশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শামসুল আলম।

বৈঠকে বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান জানান, সংকটাপন্ন ব্যাংকগুলোর তারল্য ঘাটতির কারণে উদ্যোক্তারা রফতানি আয়ের অর্থ সময়মতো পাচ্ছেন না। ফলে শিল্প মালিকরা উৎপাদন ও রফতানি কার্যক্রম চালিয়ে যেতে হিমশিম খাচ্ছেন। একই সঙ্গে ব্যাংকগুলো নতুন করে এলসি খুলতে ব্যর্থ হওয়ায় কাঁচামাল আমদানিতেও বাধার সৃষ্টি হচ্ছে।

তিনি বলেন, 'বর্তমানে অনেক পোশাক কারখানা শ্রমিকদের নিয়মিত বেতন-ভাতা দিতে পারছে না। এতে শ্রমিক অসন্তোষ বেড়ে যাচ্ছে, যা আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে ঝুঁকির মুখে ফেলতে পারে। এ অবস্থা অব্যাহত থাকলে শিল্পের টেকসই উন্নয়ন ব্যাহত হবে।'

বিজিএমইএ সভাপতি আরো উল্লেখ করেন, এ আর্থিক অচলাবস্থা আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করছে। বৈদেশিক ক্রেতাদের আস্থা নষ্ট হচ্ছে, যা দীর্ঘমেয়াদে দেশের প্রধান রফতানি খাতকে আরো বড় ঝুঁকির মুখে ফেলবে। তিনি সতর্ক করে বলেন, দ্রুত পদক্ষেপ না নিলে অনেক কারখানা রুগ্‌ণ শিল্পে পরিণত হবে এবং হাজার হাজার শ্রমিকের কর্মসংস্থান হারানোর শঙ্কা তৈরি হবে।

> সাম্প্রতিক সময়ে কয়েকটি ব্যাংকে তারল্য সংকটের কারণে পোশাক শিল্প মালিক ও উদ্যোক্তারা মারাত্মক আর্থিক সমস্যার সম্মুখীন হচ্ছেন। রফতানি আয় সময়মতো না পাওয়া এবং নতুন করে এলসি খোলার ক্ষেত্রে প্রতিবন্ধকতা তৈরি হওয়ায় পুরো শিল্প খাত অচলাবস্থার দিকে যাচ্ছে

বিজিএমইএ নেতারা গভর্নরের কাছে অনুরোধ জানান, সংকটাপন্ন ব্যাংকগুলোর গ্রাহকদের প্রাপ্য অর্থ দ্রুত পরিশোধের ব্যবস্থা নিতে হবে। একই সঙ্গে রফতানি আয়ের প্রবাহ এবং এলসি খোলার প্রক্রিয়া নির্বিঘ্ন করতে বাংলাদেশ ব্যাংককে জরুরি পদক্ষেপ নিতে হবে।

বৈঠকে উদ্যোক্তাদের বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। তিনি প্রতিনিধি দলকে আশ্বস্ত করে বলেন, 'সংকটাপন্ন ব্যাংকগুলোর গ্রাহকদের প্রাপ্য অর্থ সাময়িকভাবে পরিশোধের ব্যবস্থা করা হবে। এতে রফতানিকারকরা জরুরি আর্থিক চাহিদা মেটাতে পারবেন।' তিনি আরো জানান, সমস্যার স্থায়ী সমাধানের জন্য বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নীতি পদক্ষেপ গ্রহণ করবে।

বিজিএমইএ সভাপতি বৈঠক শেষে সাংবাদিকদের বলেন, গভর্নরের আশ্বাসে তারা আশাবাদী। তিনি আশা প্রকাশ করেন, দ্রুত এ সমস্যার সমাধান হবে, পোশাক শিল্পে বিদ্যমান আর্থিক অনিশ্চয়তা কেটে যাবে এবং রফতানি কার্যক্রম আবারো স্বাভাবিক গতিতে ফিরে আসবে।

বাংলাদেশের মোট রফতানি আয়ের প্রায় ৮৪ শতাংশ আসে তৈরি পোশাক খাত থেকে। তাই এ খাতে অচলাবস্থা সৃষ্টি হলে অর্থনীতির সার্বিক স্থিতিশীলতাও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে।